

মাসের নাম জুলাই

আপনার
সুখ-দুঃখ
শ্রেম
ভালোবাসা

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ:	শুক্র
		০১	০২	০৩	০৪	০৫
০৬	০৭	০৮	০৯	১০	১১	১২
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২০	২১	২২	২৩	২৪	২৫	২৬
২৭	২৮	২৯	৩০	৩১		

মেঘ



কর্মক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতা, খেলাধুলা, সামাজিক ও রোমান্টিক কাজে এ মাস চলে যাবে। নতুন পরিকল্পনা, কাজের সূচনা ঘটবে। নিজের অবস্থান দৃঢ় করতে মনের গভীরে কোনো প্রতিজ্ঞা করতে পারেন। ১০ তারিখের দিকে নতুন করে রপটিন তৈরি করতে হবে। মাসের মাঝামাঝি থেকে ব্যস্ততা বাড়বে।

ককট



টাকা আর টাকা। আপনার হাত দিয়ে যাবে আসবে। কাজ, বিনোদন দুটোর জন্যই ব্যয় করেন। কাজের চাপ থাকলেও চেষ্টা করুন বাকি সময়টা হাসি-ঠাট্টায় কাটাতে। কর্মক্ষেত্রে নতুন সম্ভাবনার দেখা পাবেন, সজাগ থাকুন।

বৃষ



মাসের প্রথম দুই সপ্তাহ আপনি বেশ কয়েকবার আপনার কল্পনার সুখের কাছাকাছি পৌঁছাতে পারবেন। আপনি ধৈর্য ধরলে এবং আবেগকে বুদ্ধিদীপ্তভাবে পরিচালনা করলে এ সময়টা লাভবান হবেন। কাউকে জোর করতে যাবেন না। শ্রিয়জন এমনতেই এ সময় আপনাকে ছেড়ে যাবে না। মাসের মাঝামাঝি পারিবারিক এবং সামাজিক কাজে ব্যস্ততা বাড়বে।

সিংহ



পালিয়ে বেড়ানো বন্ধ করুন। সময় এসেছে রুখে দাঁড়াবার। প্রয়োজনে কিছুটা আক্রমণাত্মক হয়ে উঠতে পারেন। বন্ধু, শুভাকাঙ্ক্ষী এবং বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করুন। তাদের পরামর্শ আপনার কাজে লাগতে পারে। নৈরাশ্য বেড়ে কাজে ঝাঁপিয়ে পড়ুন। যারা আপনার ক্ষতি করেছে তাদেরকে একহাত দেখে নেয়ার এটাই প্রকৃত সময়।

মিথুন



পালিয়ে যান, ছুটি নিন। মাসের দ্বিতীয় সপ্তাহে ছুটির খুব প্রয়োজন আপনার। শান্তিতে কাটাতে হবে কয়েকটি দিন। কথাবার্তায় কাজ হবে না। করতে ভালো লাগে এমন কোনো শখ থাকলে ছুটিতে তা কাজে আসবে। মোবাইল ফোন বন্ধ করে রাখুন। নিজের মতো করে সময় কাটান। স্বাস্থ্যের দিকে নজর দিন।

কন্যা



কর্মক্ষেত্র বা ব্যক্তি জীবন আপনি এ বছরটা এখনও গুছিয়ে উঠতে পারেননি। এজন্য হতাশা আপনাকে পেয়ে বসেছে। প্রায়ই হয়তো দৃষ্টিভ্রম করেন নিজের অবস্থা নিয়ে। এ মাসের শেষ থেকে আবস্থার উন্নতি হবে। ঠিক কি চাইছেন সেই ধারণা পরিষ্কার করুন। দরকার হলে আপনি ঘরবাড়ি, কর্মক্ষেত্রও বদলে ফেলতে পারেন।

তুলা



খুব অস্থির মাস। বেশ কয়েকবার নিজের কর্তব্য- করণীয় বদলাবেন। সম্পর্ক বা পারিপার্শ্বিক অবস্থার অবনতি ঘটান সম্ভাবনা আছে। এ মুহূর্তে কথা দিলে বিপদ বাড়বে। বরং সম্ভাবনার ক্ষেত্র দেখতে থাকুন। সুযোগ, সাফল্যের ইঙ্গিত পাবেন প্রচুর। তাই বলে এমন কোনো কাজ হাতে নেবেন না যা শেষ করা সম্ভব নয়।

বৃশ্চিক




সম্মান, ভালোবাসা এবং অপরের ঈর্ষার কারণ হবেন। কিন্তু, তারপরও আপনার মধ্যে 'কিন্তু' ভাবটি যাবে না। পারিবারিক বা মনঘটিত কোনো ব্যাপারে আপনি খুব আপসেট বা চিন্তিত থাকবেন। অন্য কাজে ব্যস্ত থাকুন। অথবা মেজাজ হারিয়ে লাভ নেই। ভালো দিকগুলো দেখার চেষ্টা করুন। বাস্তববাদী হোন। প্রয়োজনে আত্মত্যাগ করুন। না হলে

যতোটুকু শান্তি আছে সেটাও থাকবে না। মাসের শেষ সপ্তাহে আপনার করণীয় কর্তব্য পরিষ্কার হবে।

জুলাই মাসে আপনার অবস্থা

রাশি	প্রেম	কর্মক্ষেত্র	স্বাস্থ্য	অর্থ
মেঘ	৯	৯	৫	৯
বৃষ	৭	৭	৩	৩
মিথুন	৯	৭	৭	৫
কর্কট	৭	৭	৫	৭
সিংহ	৭	৫	৭	৫
কন্যা	৭	৭	৫	৫
তুলা	৫	৯	৩	৫
বৃশ্চিক	৭	৯	৫	৭
ধনু	৭	৭	৭	৯
মকর	৭	৭	৫	৩
কুম্ভ	৭	৯	৯	৫
মীন	৯	৫	৩	৭

বি: দ্র: সংখ্যা বেশি হলে ভাল, কম হলে খারাপ।
এবার বুঝে নিন কোন্ ক্ষেত্রে মাস কেমন যাবে



ধনু



অর্থ, ক্ষমতা নয় এ মাসে আপনি ব্যস্ত হবেন চুক্তি, যোগাযোগ, ভ্রমণ আর পড়াশোনার কাজে। ভ্রমণের সুযোগ আছে সামনেই। তবে তার জন্য পরামর্শের প্রয়োজন। নতুনভাবে হয়তো আপনার পরিকল্পনাগুলো সাজাতে হবে। প্রিয়জনকে হয়তো দুঃখের সংবাদ দিতে হবে। নিজের কষ্ট হলেও বাস্তবতা থেকে সরে যাবেন না। প্রিয়জনকে বোঝাতে ব্যর্থ হলে দুঃখ হতাশা নিজের মধ্যে রাখুন।

মকর



মনে হতে পারে আপনি প্রাপ্য পাচ্ছেন না। সম্মান, অর্থ যে কোনো ক্ষেত্রে। ব্যাপারটিতে কষ্ট পাবেন। তবে হৈ-হট্টগোল করলে লাভ নেই। সময় নিয়ে অবস্থা বিচার করুন। মুখ বন্ধ রেখে বন্ধু-শত্রু চিহ্নিত করুন। চুক্তি সম্পর্কে সাবধান। মাসের মাঝামাঝি সময়ে আপনার টেনশন বাড়বে। সাবধানে কাজ করুন। প্রেমে সফলতা আসবে।

কুম্ভ



যেভাবেই শুরু হোক শেষ পর্যন্ত সম্পর্ক বড় হয়ে দাঁড়ায়। এখন আপনার চারপাশে অনেকেই আরও স্বার্থপর, হিসাবি মনে হয়। আলোচনার কেন্দ্রবিন্দুতে না থাকায় অবশ্য এ মুহূর্তে আপনার খুব সমস্যা হচ্ছে না, নতুন জায়গায় যান। পরিচিতির সীমানা বৃদ্ধি করুন। ব্যক্তিগত জীবনে আসলে কি চান এটা বোঝা আপনার জন্য খুব জরুরি।

মীন



কঠোর পরিশ্রম। এছাড়া ব্যক্তিগত, কর্মক্ষেত্রের কাজগুলো ঠিকভাবে শেষ করা সম্ভব নয়। কাজগুলো শেষ হওয়া মাত্র সুফল পাবেন না। তৎক্ষণাৎ ফল পেতে চাইলে কাজগুলো না করাই ভালো। ধৈর্য হারালে বা উদ্দিগ্ন হলে একটি কাজও ভালো মতো হবে না।

রাশি বিশ্লেষণ : রাশেদ রায়হান